West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT
(Under Section 154 Cr. P.C.)

~~372~~ · 327220062502S5

1738

1. Dist. SPC P.S. Bhaktinagar Year 2025 FIR No. 285/25 Date 27/03/25
2. i) Act BNS, 2023 Sections 85 and ii) Act Sec 3/4 of Sections D. P. Act
iii) Act – Sections – iv) Others Acts & Sections –
3. (a) Occurrence of offence : Day Since Date From Marriage Date To
Time Period Time From Time To
(b) Information received at P.S. Date 27/03/25 Time 00:25 hrs
(c) General Diary Reference : Entry No (s) 1455 Time 00:25 hrs
4. Type of Information Written (typed) Written / ~~Oral~~
5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. – Beat No.
(b) Address Parish Nagar, Rabindra Sarani, W/No. 44, PS Bhaktinagar, Dist. Jalpaiguri
(c) In case outside limit of this Police Station. then the
Name of the P.S. – District
6. Complainant / Informant :
(a) Name Smt. Ruma Das
(b) ~~Father's~~ / Husband's Name Anupam Paul
(c) Date / Year of Birth – (d) Nationality Indian
(e) Passport No. – Date of Issue : Place of Issue
(f) Occupation –
(g) Address Parish Nagar, Rabindra Sarani, W/No. 44, PS Bhaktinagar, Dist. Jalpaiguri
7. Details of known / suspected / unknown accused with full particulars
(Attach separate sheet, if necessary) : (1) Anupam Paul (Husband) (2) Subal Chandra Paul (father-in-law) (3) Anima Paul (mother-in-law) - all of Rajani Chowk, PS U Hat, Bihar
8. Reasons for delay in reporting by the Complainant / Information –
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) : –
10. Total value of properties stolen / involved –
11. Inquest Report / U.D. Case No. If any –
12. FIR Contents (Attach separate sheets, if required) : The original typed complaint which is treated as FIR is attached herewith.

13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and took up the investigation / directed ASI Mukul Basu to take up investigation / refused investigation / transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

✓ is on the complaint

14. Signature / Thumb impression of the Complainant / Informant

[signature] 27.3.25
Inspector-in-Charge
Bhaktinagar Police Station
Siliguri Police Commissionerate
Signature of the Officer-in-Charge, Police Station
Name Shri AMIT ADHIKARY
Rank : No. IC Bhaktinagar PS, SPC

15. Date & Time of despatch to the court :

To Date:-

The Inspector-in-charge
Bhaktinagar Police Station
Sevoke Road, District-Jalpaiguri

মহাশয়,

বিনীত নিবেদন এই যে আমি শ্রীমতী রুমা দাস, স্বামী-শ্রী অনুপম পাল, পিতা শ্রী পরিতোষ দাস, বর্তমান ঠিকানা পরেশ নগর, রবীন্দ্র সরণী, ওয়ার্ড নম্বর 44, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি, আপনার নিকট এই মর্মে এজাহার করিতেছি যে, গত 14-May-2019 তারিখে বিহারের পূর্ণিয়া জেলার ও কে.হাট. থানার অন্তর্গত রজনী চক এলাকার বাসিন্দা শ্রী সুবল চন্দ্র পালের পুত্র শ্রী অনুপম পালের সাথে আমার হিন্দু মতে বিবাহ হয়, বিবাহের স্থান- গনেশ ভবন, ইস্কন মন্দির রোড, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি। বিবাহের সময় পাত্রপক্ষের দাবী অনুযায়ী আমার বাড়ি থেকে সোনা, রুপার অলঙ্কার, জামা-কাপড় ইত্যাদিও দেওয়া হয়। বিয়ের পর আমার স্বামী আমাকে তাহাদের পূর্ণিয়ার বাড়িতে নিয়ে যায়। বিয়ের আনুমানিক ১০ দিন পর থেকেই আমি আমার স্বামীর মধ্যে কিছু অদ্ভুত আচরণ লক্ষ করি, আমার স্বামী, শ্বশুর ও শ্বাশুরি আমার সাথে চরম দুব্যাবহার করা শুরু করে। আমি সব কিছু সহ্য করতে থাকি। আমার স্বামী আমাকে ছেড়ে বন্ধুদের সাথে এ গিয়ে থাকত । বিবাহের তিনমাস পরেই আমার শাশুড়িও বলে তার আমাকে পছন্দ ছিলনা, এরপর ধীরে ধীরে ওইসব বলা বন্ধ হলেও, আমাদের স্বামী-স্ত্রী এর মধ্যে সম্পর্কটি খারাপ হয়ে ওঠে, এরপর আমার স্বামী, শ্বশুর এবং শ্বাসুরি প্রত্যেকে নানান ভাবে আমার ওপর মানসিক ও শারীরিক অত্যাচার করে এবং আমায় সারাদিন বাড়ির চাকরের মত কাজ করতে, বাধ্য করে, কারও সাথে কথা বলতে দিত না এমনকি আমার বাপের বাড়ির লোকেদের সাথেও যোগাযোগ করতে দেয় নি, প্রতিনিয়ত আমাকে আমার বাবাকে টাকা নিয়ে আসতে বলত, আমার বাবা বহু কষ্ট করে আমার স্বামীকে দু বারে মোট দের লক্ষ টাকা দেন। আনুমানিক দুই বৎসর পর, আমার স্বামী আমার শ্বশুরের সাথে তাহাদের নিজস্ব ঝামেলার জন্য পূর্ণিয়ার বাড়ি ছেড়ে শিলিগুড়িতে বাড়ি ভাড়া নিয়ে আমায় সাথে নিয়ে চলে আসে। শিলিগুড়িতে থাকাকালীন আমার শ্বাশুড়ি ফোনের মাধ্যমে আমার স্বামীকে প্ররোচিত করত এবং আমার স্বামী আমাকে প্রতিনিয়ত চরম মারধর করত, আমাকে খাওয়া পরার খরচ দিত না, শিলিগুড়িতে থেকেও আমার বাপের বাড়ির সাথে কোনরূপ যোগাযোগ করতে দিত না, এরপর ২০২২ সালের ডিসেম্বর মাসে আমার স্বামী আমাকে মারধর করে, আমার শাঁখা ভেঙ্গে দেয়।

এরপর 2023 জানুয়ারী মাসে আমি প্রচণ্ড অসুস্থ হয়ে পরি। 3ফেব্রুয়ারি,2023শে আমার গলব্লাডার স্টোনের অপারেশন হয়, অপারেশনের পর আমার স্বামী আমাকে আমার বাপের বাড়িতে বাবা-মায়ের কাছে রেখে যায়। আমি চিকিতস্যাধীন অবস্থায় ডাক্তার আমার বাবা-মা, ভাই ও স্বামীকে ডেকে বলেন যে আমার লিভারে ভয়ঙ্কর সমস্যা রয়েছে এবং চিকিতস্যা না করালে বাঁচানো যাবে



Ruma Das

না। এই কথা শুনে আমার স্বামী কোনও দায়িত্ব না নিয়ে 13 March 2023 এ শিলিগুড়ির ভাড়া বাড়ি ছেড়ে আমাকে কিছু না জানিয়ে আমার সমস্ত জিনিসপত্র, জরুরী কাগজপত্র, সোনার গহনা ও জামা কাপর নিয়ে পূর্ণিয়ার বাড়িতে চলে যায়। সেই সময় আমার বিভিন্ন tests ও ডাক্তার দেখানো এইসব করতে থাকি, যখন medicine এর জন্য আমার Aadhar Card দরকার পরে, সেই সময় আমার ভাই উক্ত ভাড়া বাড়িতে গিয়ে বাড়িওয়ালার থেকে জানতে পারে যে আমার স্বামী উক্ত ঘর ছেড়ে সমস্ত জিনিস নিয়ে চলে গেছে। আমার ভাই ও বাবা বহুবার আমার শ্বশুরবাড়িতে অর্থাৎ পূর্ণিয়াতে আমার জিনিসপত্র ও ডকুমেন্টস চাইতে গেলে তাহারা আমার বাবা-ভাইয়ের সাথে খারাপ ব্যাবহার করে। চিকিতস্যার পর আমি সুস্থ হই, এরপর আমিও বহুবার আমার স্বামী ও শ্বশুর-শ্বাশুড়ির সাথে যোগাযোগ করার চেষ্টা করি কিন্তু আমার স্বামী আমাকে নিয়ে যাবার জন্য বিভিন্ন টালবাহানা করে এবং বলে যে আমার বাবা-ভাই যদি ৩ লক্ষ টাকা ওনাদের দেয় তবেই তাহারা আমাকে তাহাদের বাড়িতে ঢোকতে দেবে, এরপর ২০২৪ এর ডিসেম্বর মাসে আমার মাকে বলে যে আমার স্বামী আর আমার সাথে সংসার করতে চায় না। আমার বাড়ির লোক আমার স্বামীকে অনেক বোঝানোর চেষ্টা করেছে এবং মধ্যস্থতার মাধ্যমে সব ঠিক করার চেষ্টা করে, আমিও আমার বাড়ির লোকের সন্মান ও আমার ভবিষ্যতের কথা ভেবে আমার স্বামীর বিরুদ্ধে কোনও আইনি পদক্ষেপ নেই নি। বিগত কিছুদিন পূর্বে আমি পূর্ণিয়া কোর্ট থেকে একটি নোটিশ পাই যেখান থেকে জানতে পারি, আমার স্বামী আমার বিরুদ্ধে আদালতে গিয়েছে এবং আমি আমার স্বামীকে এরপর অনেকবার ফোন করি কিন্তু সে আমার ফোন আর রিসিভ করছে না।

বিধায় প্রার্থনা, মহাশয় ঘটনার তদন্ত করিয়া, আমার স্বামী উক্ত (১)উক্ত অনুপম পাল, পিতা- সুবল চন্দ্র পাল, আমার শ্বশুর (২) শ্রী সুবল চন্দ্র পাল, শাশুড়ি (৩) শ্রীমতী অনিমা পাল, প্রত্যেকের ঠিকানা রজনী চক, থানা কে.হাট., জেলা পূর্ণিয়া, বিহার -এর বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা গ্রহন করে আমায় বাধিত করিবেন।

নিবেদিকা-

Ruma Das

Mobile no: 9476134593

Received on 27/03/25 at 00:25 hrs vide GDE No- 1455 and started Bhaktinagar PS case No- 285/25 Dtd- 27/03/25 u/s 85 BNS, 2023 r/w Sec 3/4 of D.P. Act and endorsed to ASI Mohul Bose for its investigation.

27.3.25

Inspector-In-Charge
Bhaktinagar Police Station
Siliguri P... ...ionerate



Rank : No ...